

## নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস্টেট অফিসের অধীনে ঈশা খাঁ রোড আবাসিক এলাকার মসজিদের জন্য শূন্য স্থায়ী ১ (এক) টি ইমাম পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে অবশ্যই সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ স্নাতকোত্তর পাশ অর্থাৎ দাওরায়ে হাদীস(তাকমিল)/কামিল/ইসলামিক স্টাডিজ/আরবী/সমমানের বিষয়ে এম.এ ডিগ্রীধারীসহ কোরআনে হাফেজ হতে হবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/গ্রোড/জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ, সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৬-১২-২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (কক্ষ নং-২০৩) নিকট পৌঁছাতে হবে।